

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৭৯৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো তার সকল উপায়-উপকরণে সূরা নাস-ফালাক পাঠ করবে

ذَكَرُ الْإِخْبَارِ عَمَّا يُسْتَحَبُّ لِلْمَرْءِ قِرَاءَةُ الْمُعَوِّذَتَيْنِ فِي أَسْبَابِهِ

আরবী

794 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَاصِمٍ عَنْ زُرِّ قَالَ: قُلْتُ لِأَبِي بَنْ كَعْبٍ: إِنَّ ابْنَ مَسْعُودٍ لَا يَكْتُبُ فِي مُصْحَفِهِ الْمُعَوِّذَتَيْنِ فَقَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ لِي جِبْرِيلُ: {قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ} [الفلق: 1] فَقُلْتُهَا وَقَالَ لِي: {قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ} [الناس: 1] فَقُلْتُهَا) فَحَنَنْ نَقُولُ مَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. الراوي: أَبِي بَنْ كَعْبٍ المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 794 | خلاصة حكم المحدث: صحيح -

বাংলা

৭৯৪. যির রহিমাহুল্লাহ বলেন, আমি উবাই বিন কা'ব রাদিয়াল্লাহু আনহুকে বললাম, “আব্দুল্লাহ বিন মাস'উদ রাদিয়াল্লাহু আনহু তাঁর মুসহাফে সূরা নাস ও সূরা ফালাক লিখেন না।” তখন তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেছেন, “জিবরীল আলাইহিস সালাম আমাকে বলেছেন, “আপনি পড়ুন بِرَبِّ الْفَلَقِ (বলুন, আমি আশ্রয় চাই উষার প্রভুর কাছে।) (সূরা ফালাক: ১।) অতঃপর আমি পড়লাম। তারপর তিনি বললেন, “আপনি পড়ুন بِرَبِّ النَّاسِ (বলুন, আমি আশ্রয় চাই মানুষের প্রভুর কাছে।) (সূরা নাস: ১।) অতঃপর আমি তা পড়লাম।” উবাই বিন কা'ব রাদিয়াল্লাহু আনহু বলেন, “কাজেই আমরা তা-ই বলবো যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১২৯; ইমাইদী: ৩৭৪; সুনান বাইহাকী: ২/৩৯৪; সহীহ আল বুখারী: ৪৯৭৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৭৯৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ যির ইবন হুবাযশ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89297>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন